

📖 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

খায়বরের ভূমি ইহুদীদের হাতে প্রত্যর্পণ ও সন্ধি (رد أرض خيبر والمصالحة)

রাসূলুল্লাহ (ছাঃ) ইহুদীদেরকে মদীনার ন্যায় খায়বর হ'তেও নির্মূল করতে চেয়েছিলেন এবং সেমতে কাতীবাহর ইহুদীরা সবকিছু ফেলে চলে যেতে রাখীও হয়েছিল। কিন্তু ইহুদী নেতারা এক পর্যায়ে রাসূল (ছাঃ)-এর নিকটে আবেদন করল যে, আমাদের এখানে থাকতে দেওয়া হৌক, আমরা এখানকার জমি-জমা দেখাশুনা ও চাষাবাদ করব ও আপনাদেরকে ফসলের অর্ধেক ভাগ দেব। এখানকার মাটি সম্পর্কে আমাদের অভিজ্ঞতা আপনাদের চেয়ে বেশী রয়েছে'। আল্লাহর রাসূল (ছাঃ) তাদের এ প্রস্তাব বিবেচনা করলেন এবং উৎপন্ন ফসলের অর্ধাংশ প্রদানের শর্তে রাখী হ'লেন। সেই সাথে বলে দিলেন যতদিন তিনি চাইবেন, কেবল ততদিনই এ চুক্তি বহাল থাকবে। প্রয়োজনবোধে যেকোন সময় এ চুক্তি তিনি বাতিল করে দিবেন। অতঃপর উৎপাদনের পরিমাণ নির্ধারণের জন্য তিনি আব্দুল্লাহ ইবনে রাওয়াহাকে দায়িত্ব দেন।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=5549>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন